# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১১ জে

তারিখ ঃ ২৭ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৫ খ্রিঃ

**বিষয়: সরকারী ছুটির দিনগুলোতে শিশু আদালতের কার্যক্রম চলমান রাখা প্রসঙ্গে।**

সূত্র: মহানগর দায়রা জজের কার্যালয়, ঢাকা এর স্মারক নং- ডিএমএসজে/১২৭/২৫ , তারিখ: ০৯/০৩/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে প্রেরিত পত্রসহ বিভিন্ন মারফত অত্র কোর্টের ইহা গোচরীভূত হয়েছে যে, শুক্র/শনিবারসহ সরকারী ছুটির দিনগুলোতে আইনের সাথে সংঘাতে জড়িত শিশুদের গ্রেফতার/আটক করার পর আটককারী কর্তৃপক্ষ কর্তৃক শিশুদের-কে সংশ্লিষ্ট শিশু আদালতে উপস্থাপন না করে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থাপন করা হচ্ছে। কিন্তু সোপর্দকৃত শিশুদের জামিন, রিমান্ড, হেফাজত ও বয়স নির্ধারণসহ অন্তর্বর্তীকালীন কোনো আদেশ প্রচার করার বিষয়ে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের আইনগত এখতিয়ার না থাকায় উক্তরূপ সোপর্দকৃত শিশুদের গ্রহণ ও তাদের বিষয়ে যে কোনো আদেশ/সিদ্ধান্ত প্রদানে সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটগণ অপারগতা প্রকাশ করে থাকে। ফলে সরকারী ছুটির দিনগুলোতে শিশু আদালতের কার্যক্রম চলমান রাখাসহ অত্র কোর্ট কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

ক. শিশু আইন ২০১৩ (সংশোধিত ২০১৮) এবং **মোঃ হৃদয় বনাম রাষ্ট্র (15 SCOB [2021] HCD, পৃষ্ঠা-১৩)** মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক সরকারী কার্যদিবসের ন্যায় সাপ্তাহিকসহ অন্যান্য সরকারী ছুটির দিনগুলোতে উপস্থাপিত আইনের সংস্পর্শে আসা শিশুর (ভিকটিম/সংবাদদাতা/সাক্ষী) হেফাজত এবং আটককৃত আইনের সাথে সংঘাতে জড়িত শিশুদের জামিন,রিমান্ড, বয়স নির্ধারণ, হেফাজতসহ অন্তর্বর্তী যে কোন দরখাস্ত শিশু আদালতের দায়িত্ব প্রাপ্ত বিচারক আদালতে সরেজমিনে (In Person) উপস্থিত হয়ে কিংবা প্রযোজ্য ক্ষেত্রে **আদালত কর্তৃক তথ্য প্রযুক্তি ব্যবহার আইন ২০২০** এর বিধিবিধান অনুসরণপূর্বক শুনানী গ্রহণ ও নিষ্পত্তি করবে।

**খ.** সরকারী কার্যদিবসের ন্যায় ছুটির দিনগুলোতে প্রযোজ্য ক্ষেত্রে শিশু আদালতের নির্দেশে আইনের সংস্পর্শে আসা শিশু (ভিকটিম/ সংবাদদাতা/সাক্ষী) বা আইনের সাথে সংঘাতে জড়িত শিশুর জাবানবন্দি দায়িত্ব প্রাপ্ত ম্যাজিস্ট্রেট লিপিবদ্ধ করতে পারবেন।

গ. আইনের সংস্পর্শে আসা শিশুর (ভিকটিম/ সংবাদদাতা/ সাক্ষী) জবানবন্দি রেকর্ড প্রযোজ্য ক্ষেত্রে তাদের জিম্মা, হেফাজতসহ অন্য যে কোন বিষয়ে সিদ্ধান্ত প্রদান এবং আইনের সাথে সংঘাতে জড়িত শিশু-কে আটক/গ্রেফতারের পর পুলিশ কর্তৃক জামিন প্রদান না করা হলে উক্তরূপ শিশুর জবানবন্দি রেকর্ড, তার বয়স নির্ধারন, রিমান্ড, নিরাপদ হেফাজতসহ যে কোন বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য **সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরকারী কার্যদিবসের ন্যায় সাপ্তাহিক ও অন্যান্য সরকারী ছুটির দিনগুলোতেও অভিযুক্ত/আটককৃত শিশুকে সংশ্লিষ্ট শিশু আদালতে উপস্থাপন করবে।**

**ঘ.** আইনের সংস্পর্শে আসা শিশু ও আইনের সাথে সংঘাতে জড়িত শিশুদের হেফাজত, জামিন, রিমান্ড, বয়স নির্ধারণসহ যে কোন অন্তর্বর্তী বিষয়ে সরকারী কার্যদিবসের ন্যায় সরকারী ছুটির দিনগুলোতেও সংশ্লিষ্ট শিশু আদালত শিশু আইন ২০১৩ (সংশোধিত ২০১৮), **মোঃ হৃদয় বনাম রাষ্ট্র (15 SCOB [2021] HCD, পৃষ্ঠা-১৩)** মামলায় প্রদত্ত নির্দেশনাসহ অত্র বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক নিষ্পত্তি করবে।

**ঙ.** শিশু আইন ২০১৩ (সংশোধিত ২০১৮) এর বর্তমান অস্পষ্টতা ও অসংগতি দূরীকরনার্থে শিশু আইন সংশোধন কিংবা অত্র কোর্ট কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উল্লেখিত নির্দেশনাবলী কার্যকর/বহাল থাকবে।


স্বাক্ষরিত
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট
বিভাগ
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd


স্মারক নং-১ই-২১/২০০০(অংশ-৬গ)-৩৫০৯ জে, তারিখ: ১০.০৪.২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। আই,জি,পি, পুলিশ সদর দপ্তর, ঢাকা।

৩। জেলা ও দায়রা জজ,----------------------------------------------------- ----------- (সকল)।
৪। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------- (সকল)।
৫। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -------------------------------------(সকল)।
৬। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
৯। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------------------- --------- (সকল)।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১১। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১২। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৪। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -------------------------------------(সকল)।
১৫। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ....................... (সকল)।
১৬। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................... (সকল)।
১৭। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৮। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২০। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২১। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২২। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৩। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৪। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৫। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৬। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৭। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৯। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩০। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৫। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৭। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৮। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট....................................................................(সকল)।
৩৯। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..................................................................(সকল)।
৪০। কমিশনার অব পুলিশ............................................................................ (সকল)।
৪১। পুলিশ সুপার.........................................................................................(সকল)।

(৩ থেকে ৪১ নং: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৭। সভাপতি/ সাধারণ সম্পাদক...........................................................................(সকল আইনজীবী সমিতি)।
৪৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৯। অফিস কপি।

২০.০৮.২৫

(এস.এম. সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন:+৮৮০২৫৫১১০৪৯৪